



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ ৩৪৬/২, ঢোলাদিয়া রোড, কাঠগোলা বাজার, ময়মনসিংহ

ফোন : ০৯১-৬৩৩৩৩, E-mail : chairmanbisemym@gmail.com

www.mymensingheducationboard.gov.bd



স্মারক নং - ময়শিবো/প্রশা/০২/২৫/১৮/৯৮

তারিখঃ-১৯/০৭/২১

জরুরী বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন উচ্চমাধ্যমিক পর্যায়ে সকল শিক্ষা প্রতিষ্ঠানসমূহের অধ্যক্ষগণকে অবহিত করা যাচ্ছে যে, আন্তঃবোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী ২০২১ সালের এইচএসসি পরীক্ষার্থীদের ফরমপূরণ মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে সম্পন্ন করা হবে।

এ জন্য উচ্চমাধ্যমিক পর্যায়ে সকল শিক্ষা প্রতিষ্ঠানের আবশ্যিকভাবে সোনালী ব্যাংকে হিসাব নম্বর থাকা প্রয়োজন। যে সকল শিক্ষা প্রতিষ্ঠানের সোনালী ব্যাংকে হিসাব নম্বর নাই তাদের প্রধানগণকে নিকটস্থ সোনালী ব্যাংকের শাখায় কলেজের নাম যেভাবে ইংরেজিতে আছে হুবহু সেভাবেই একাউন্টের নাম নির্ধারণ করে হিসাব নম্বর খুলে সোনালী ব্যাংক লিঃ এর ব্যাংক হিসাবনম্বর রাউটিং নম্বর ব্যাংকের শাখার সঠিক নাম, প্রতিষ্ঠানের EIIN এর তথ্য আগামী ০৭/০৮/২০২১ তারিখের মধ্যে জরুরী ভিত্তিতে শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে প্রদত্ত ছকে ইনপুট দেয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বোর্ডের ওয়েবসাইটে কলেজের নাম যেভাবে ইংরেজিতে আছে হুবহু সেভাবেই একাউন্টের নাম নির্ধারণ করতে হবে অন্যথায় একাউন্ট নম্বর গ্রহণযোগ্য হবে না। তবে সোনালী ব্যাংক যাদের একাউন্ট করা আছে হুবহু কলেজের ইংরেজী নামে ব্যাংকের মাধ্যমে সংশোধন করা যাবে।

এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, ইতোপূর্বে যে সকল প্রতিষ্ঠানের প্রধানগণ Institute Account এ অন্য ব্যাংকের হিসাব সম্বলিত তথ্য প্রেরণ করেছেন তাদেরকে Edit option এ গিয়ে সোনালী ব্যাংকের রাউটিং নম্বর সহ ইনপুট আপডেট করার জন্য অনুরোধ করা হলো।

ওয়েবসাইটে প্রবেশের নির্দেশনাঃ www.mymensingheducationboard.gov.bd তারপর esifXI/eff>EIIN>Password>institution account এ প্রবেশ করে সংশোধন করা যাবে

বিষয়টি অতীব জরুরী। সোনালী ব্যাংকে হিসাব না খোলার কারণে কোন শিক্ষার্থীর ফরম পূরণে জটিলতা সৃষ্টি হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে-

(প্রফেসর কিরীট কুমার দত্ত)
সচিব

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ।

ফোন : ০৯১-৫৩৩৩৪ (অফিস)

ই-মেইল: secbisemym@gmail.com